

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.৩৩.০০৪.২৩ নথির বিষয়: Repairing & maintenance of boundary wall of West & High school water pump station at MODS Zone-2, DWASA.

নোট: ১ নোটের বিষয়: Repairing & maintenance of boundary wall of West & High school water pump station at MODS Zone-2, DWASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৩০/৫/২৩ ১:৩১ অপরাহ্ন

ঢাকা ওয়াসার মডস জোন এর আওতাধীন বিভিন্ন পাম্প কম্পাউন্ড অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থাপনা হিসাবে বিবেচিত হয়। পাম্প কম্পাউন্ডে বিদ্যমান বিভিন্ন স্থাপনা সমূহ যেমন পাম্প হাউজ, ক্লোরিন রুম, টয়লেট সহ কম্পাউন্ডে স্থাপিত সকল ধরনের স্থাপনা সমূহ জনসাধারণের দৃষ্টিগোচর হওয়ায় উক্ত স্থাপনাগুলোও ঢাকা ওয়াসার ভাবমূর্তির ধারক বলে বিবেচিত হয়। সেই লক্ষ্যে পাম্প কম্পাউন্ডে বিদ্যমান সকল ধরনের স্থাপনা সমূহ প্রয়োজন অনুযায়ী মেরামত ও রক্ষনাবেক্ষণ করা জরুরী। মডস জোন-২ এর আওতাধীন ওয়েস্ট এন্ড হাই স্কুল পানির পাম্প কম্পাউন্ডের বাউন্ডারী ওয়াল দীর্ঘদিন যাবৎ মেরামত না করায় বাউন্ডারী ওয়ালে ফাটল দেখা দিয়েছে এবং রং নষ্ট হয়ে গিয়েছে এবং বাউন্ডারী ওয়াল এর বিভিন্ন অংশ হতে প্লাস্টার খসিয়া পরছে। বাউন্ডারী ওয়াল ভেঙ্গে গিয়ে যে কোন সময় বড় ধরনের দূরঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য যে পাম্পের পাশে গণপূর্ত বিভাগের ওয়াল ভেঙ্গে গিয়ে এক জন স্কুল ছাত্র নিহত হয়। সে কারণে জরুরী ভিত্তিতে ওয়েস্ট এন্ড হাই স্কুল পানির পাম্প কম্পাউন্ডের বাউন্ডারী ওয়াল মেরামত করা প্রয়োজন। উপরোক্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের সুনাম রক্ষার্থে মডস জোন-২ এর আওতাধীন ওয়েস্ট এন্ড হাই স্কুল পানির পাম্প কম্পাউন্ডের বাউন্ডারী ওয়াল মেরামত করণ কাজের জন্য ঢাকা ওয়াসার রেইট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। যাহাতে টাকার পরিমাণ দাড়িয়েছে =৪,৯৩,৮৮৯/- (চার লক্ষ তিরানব্বই হাজার আটশত উন-নব্বই) টাকা মাত্র। প্রাক্কলনটিতে বিভাগীয় দরের অতিরিক্ত ১৫ শতাংশ বেশি ধরে প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে যাহা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটির খরচ ২০২২-২৩ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক রিভাইসড ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং- 33.1 WB3 এ LTM পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন রয়েছে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২২-২০২৩ইং অর্থ বৎসরের অনুমোদিত রিভাইসড ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত বিভাগীয় দরের সাথে অতিরিক্ত ১৫% দর বৃদ্ধির কপি।
- ৩। ক্যালকুলেশন শিট।
- ৪। প্রাক্কলনের কপি।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৩০/৫/২৩ ১:৩৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে রহমতুল্লাহ স্কুল পানির পাম্প কম্পাউন্ডের বাউন্ডারী ওয়াল মেরামত করণ কাজের লক্ষ্যে "Repairing & Maintenance of boundary wall of West & High school water pump station at MODS Zone-2." কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার নিমিত্তে

সর্বমোট = ৪,৯৩,৮৮৯/- (চার লক্ষ তিরানব্বই হাজার আটশত উন-নব্বই) টাকা মাত্র এর প্রাক্কলনটির কারিগরি ও প্রশাসনিক অনুমোদন করতঃ LTM পদ্ধতিতে দরপত্র আহবান এর জন্য সদয় অনুমোদন করা যেতে পারে যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৩০/৫/২৩ ১:৩৪ অপরাহ্ন
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

৩০/৫/২৩ ২:১২ অপরাহ্ন
মোঃ আবদুর রব মিয়া
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
মডস জোন-২

৩১/৫/২৩ ১২:৪১ অপরাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২

৭/৬/২৩ ১১:৪২ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

৭/৬/২৩ ১১:৪২ অপরাহ্ন

মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১১/৬/২৩ ৫:৩৯ অপরাহ্ন

অনুমোদিত

১১/৬/২৩ ৫:৩৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১২/৬/২৩ ৯:৫৬ পূর্বাহ্ন
মোঃ ফিরোজ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-২

১২/৬/২৩ ১১:০৫ পূর্বাহ্ন
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২